গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.০০৩.২০১২-১৮৫ তারিখঃ ১৮.০২.২০১৩ খ্রিস্টাব্দ

**আদেশ**

যেহেতু, ডাঃ মোঃ রাকিবুল হক (৪১৯৪৭), মেডিকেল অফিসার, মাগুরা উপ-স্বাস্থ্য কেন্দ্র, কিশোরগঞ্জ, নীলফামারী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৪.০২.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, ১৩.০২.২০১২ তারিখে ডাক্তারী সনদ তিনি উপজেলা পরিষদের সিদ্ধান্তের আলোকে প্রদান করেছেন। এ বিষয়ে বোর্ড গঠনের বিষয়টি তাঁর জানা ছিল না। তিনি বলেন তাঁর প্রদত্ত ডাক্তারী সনদটি মিথ্যা ছিল না, তবে সনদ প্রদানে ও মতামত দেয়ার ক্ষেত্রে অনিয়ম হয়েছে তা তিনি স্বীকার করেন। একই সাথে তিনি এ অনিয়মের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এ রকম সনদপত্র ইস্যু করবেন না বলে জানান;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রাকিবুল হক (৪১৯৪৭), মেডিকেল অফিসার, মাগুরা উপ-স্বাস্থ্য কেন্দ্র, কিশোরগঞ্জ, নীলফামারী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.০০৩.২০১২-১৮৫/১(১১) তারিখঃ ২০.০২.২০১৩ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ</u>

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। সিভিল সার্জন, নীলফামারী
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। ডাঃ মোঃ রাকিবুল হক (৪১৯৪৭), মেডিকেল অফিসার, মাগুরা উপ-স্বাস্থ্য কেন্দ্র, কিশোরগঞ্জ, নীলফামারী

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১২-২০৪ তারিখঃ ২৪.০২.২০১৩ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু ডাঃ আফরোজা খানম (কোড-৩১১৩৩), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), গাইনী ও অবস, খুলনা মেডিকেল কলেজ, খুলনা (প্রাক্তন সিনিয়র কনসালট্যান্ট (গাইনী), সদর হাসপাতাল, নড়াইল) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১০.০২.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান, তাঁর স্বামীর খুলনায় চাকুরির অবস্থানের কারণে এবং তার শাশুড়ীর অসুস্থতার জন্য কর্মস্থলে অবস্থান না করলেও তিনি প্রয়োজনে প্রায়ই সন্ধ্যা/রাত পর্যন্ত হাসপাতালে অবস্থান করে অপারেশনসহ অন্যান্য চিকিৎসা সেবা প্রদান করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আফরোজা খানম (কোড-৩১১৩৩), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), গাইনী ও অবস, খুলনা মেডিকেল কলেজ, খুলনা (প্রাক্তন সিনিয়র কনসালট্যান্ট (গাইনী), সদর হাসপাতাল, নড়াইল) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে তাঁকে দায়িত্ব পালনে সতর্ক থাকার জন্য বলা হল।

(মুহম্মদ হুমায়ুন কবির) ২৭/২/১৩
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১২-২০৪/১(৯) তারিখঃ ২৪.০২.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। অধ্যক্ষ খুলনা মেডিকেল কলেজ, খুলনা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, নড়াইল
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ আফরোজা খানম (কোড-৩১১৩৩), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), গাইনী ও অবস, খুলনা মেডিকেল কলেজ, খুলনা (প্রাক্তন সিনিয়র কনসালট্যান্ট (গাইনী), সদর হাসপাতাল, নড়াইল)

২৪.২.১৩
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

L:\Nikita Document (Current)\Order (NI)\Release from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৯.২০১২- ২০৬ তারিখঃ ২৪.০২.২০১৩ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু ডাঃ মোঃ আশরাফ উল হক (কোড-৩৩২২৪), সিনিয়র কনসালট্যান্ট (সার্জারী), সদর হাসপাতাল, নড়াইল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৩.০১.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি গত ১৩.০৫.২০১২ তারিখ নড়াইল সদর হাসপাতালে যোগদান করেন এবং পরবর্তীতে হাসপাতালের ডরমেটরিতে বরাদ্দ নিয়ে নিজ কর্মস্থলে অবস্থান করে নিয়মিতভাবে অফিস করে আসছেন। তিনি বৃদ্ধা মা ও স্ত্রী সন্তানদের সার্বিক তত্ত্বাবধানের জন্য অতীব জরুরি প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে কখনও কুষ্টিয়া ও ঢাকাস্থ যান। তার দীর্ঘ চাকুরি জীবনে প্রতিপর্যায়েই তিনি নিষ্ঠা, যত্ন ও সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন এবং ভবিষ্যতেও অর্পিত দায়িত্ব পালনে যত্নবান হবেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আশরাফ উল হক (কোড-৩৩২২৪), সিনিয়র কনসালট্যান্ট (সার্জারী), সদর হাসপাতাল, নড়াইল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হল। তবে তাঁকে ভবিষ্যতে কর্মস্থলে থাকার ব্যাপারে যত্নবান হওয়ার পরামর্শ দেয়া হল।

(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৯.২০১২- ২০৬/১(৮) তারিখঃ ২৪.০২.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, নড়াইল
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ মোঃ আশরাফ উল হক (কোড-৩৩২২৪), সিনিয়র কনসালট্যান্ট (সার্জারী), সদর হাসপাতাল, নড়াইল

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\N-tas Document (Current)\Order (N)\Realease from Charge.doc